

সারাদেশ

সৈয়দপুরে পুকুর থেকে গ্রেনেড উদ্ধার, নিষ্ক্রিয় করতে র্যাবের চেষ্টা

প্রতিবেদক: জেলা প্রতিনিধি, নীলফামারী

প্রকাশের তারিখ: রোববার, ০৬ সেপ্টেম্বর ২০২৬, ০৮:২৮ AM



নীলফামারীর সৈয়দপুরে একটি পুকুর থেকে গ্রেনেড উদ্ধার করা হয়েছে। এটি দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ের গ্রেনেড বলে ধারণা করা হচ্ছে। গ্রেনেডটি সক্রিয় (তাজা) বলে জানিয়েছে র্যাব।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) বিকেলে উপজেলার বোতলাগাড়ী ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের শাসকান্দর ডাঙ্গাপাড়া এলাকার একটি পুকুর থেকে গ্রেনেডটি উদ্ধার করা হয়। এটি নিষ্ক্রিয় করার চেষ্টা করছে র্যাবের বোমা নিষ্ক্রিয়করণ ইউনিট।

স্থানীয় সূত্রে জানা যায়, গত বৃহস্পতিবার সকালে ডাঙ্গাপাড়া এলাকার আশির উদ্দিন শাহর পুকুরে গোসল করতে যান স্থানীয় দুই যুবক। এ সময় তাঁদের একজনের পায়ে পানির নিচে থাকা ভারী একটি বস্তুর স্পর্শ লাগে। পরে তাঁরা পানির নিচ থেকে বস্তুটি তুলে পুকুরপাড়ে নিয়ে আসেন।

বস্তুটি গ্রেনেড বুঝতে পেরে তাঁরা সেটি পলিথিনে মুড়িয়ে পুকুরপাড়ে রেখে দেন। পরে সৈয়দপুর থানায় খবর দেওয়া হয়।

খবর পেয়ে শুক্রবার বিকেলে র‍্যাব-১৩ নীলফামারী সিপিসি-২-এর একটি দল ঘটনাস্থলে যায়। পরে গ্রেনেডটি উদ্ধার করা হয়। অভিযানে নেতৃত্ব দেন নীলফামারী র‍্যাবের স্কোয়াড কমান্ডার এএসপি এটিএম তৌহিদুল ইসলাম ও কোম্পানি কমান্ডার আশরাফুল কবির।

কোম্পানি কমান্ডার আশরাফুল কবির জানান, গ্রেনেডটি তাজা (সক্রিয়) হওয়ায় বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়। পরে রংপুর থেকে র‍্যাবের বোমা নিষ্ক্রিয়করণ ইউনিটের একটি দল ঘটনাস্থলে আসে।

সার্জেন্ট আব্দুল বারীর নেতৃত্বে ওই দল গ্রেনেডটি নিষ্ক্রিয় করার চেষ্টা করছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনশোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আত্মীয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/soiypure-pukur-theke-grened-uddhar-nishkriy-krte-rjaber-cheshta>